COAST Trust
participates in survival strategies of coastal poor

# সমৃদ্ধি বার্তা

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন(পিকেএসএফ) এর সহায়তায় ও কোস্ট ট্রাস্ট পরিচালিত কুতুবদিয়া উপজেলার উত্তরধূরুং ইউনিয়নে সমৃদ্ধি (ENRICH)

৫মবর্ষ, ৫৭ তম সংখ্যা নভেম্বর'২০২০

## মিনু আকতার এর সমৃদ্ধ বাড়িএখন আয়ের উৎস ঃ

বে-miKwi Dbœqb সংস্থা কোস্ট ট্রাস্ট দ্বীপ উপজেলা কুতুবদিয়ার উত্তরধূরুং ইউনিয়নে পল্লীকর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহায়তায় সমৃদ্ধি কর্মসূচির আওতায় ৫০ টি সমৃদ্ধ বাড়ি গড়ে তুলেন এমনি একটি বাড়ি নজুবাপের পাড়া গ্রামের মিনু আকতারেরের স্বামী শকুর উল্লাহ পেষায় কাঠমিস্ত্রি ৩ ছেলে ৩ মেয়ে ২০ শতাংশ জমিতে তার বাড়ি। বাড়ির চারদিক যেন সাজানো গোছানো সবজি চাষের জন্য ৬ শতাংশ জমিতে চারদিকে সুন্দরকরে বেড়াদিয়েছেন সবজি ক্ষেতে রয়েছে লালশাক,পালংশাক,মালার শাক,ধনিয়া,টমেটো, মরিচ, সিম, পুইশাক, বেগুন, ঢেড়স। ফলজগাছ ও রয়েছে অনেক যেমন আম,জলপাই,ডালিম,লেবু, পেয়ারা, আমলকি, বড়ই, কাঠাঁল, আমড়া, কামরাংগা,জাম্বুরা সহ বিভিন্ন প্রজাতির ফলগাছ। অন্যদিকে ১০ টি মুরগী রয়েছে, রয়েছে পুকুরে মাছ চাষ। এখানে আছে পাঙ্গাস, রুই, কাতলা, তেলাপিয়া সহ দেশি,কৈই মাছ ।বাড়ির আশেপাশে এধরনের সাজানো গুছানো তেমন বাড়ি নেই এরকম সবজি ও তেমন নেই তাই এলাকার লোকজন তার কাছথেকে সবজি ক্রয়করতে আসেন ২০/৩০ টাকা করে প্রায় প্রতিদিন ই ১৫০ হতে ২০০ টাকার সবজি বিক্রিকরেন ।স্বামী শকুর উল্লাহ বলেন এখন বাজার এর উপর নির্ভরশীল হতে হয় না পুকুরে মাছ আছে যে কোন সময় জাল দিয়ে মাছ ধরে নেই আর তাতেই আমাদের পরিবারের অমিষ এর চাহিদা মিটে যায় ।আগের চাইতে খরচকমে গেছে তাই টাকা জমা রাখা যায় ।আশাকরি ১ তলা ১ টি বিল্ডিং করব ।



নিজের সবজিক্ষেতে পানি দিচ্ছেন মিনু আকতার ছবি-রিফাত সোলতানা

## স্যাটেলাইট ক্লিনিক হতে সেবা গ্রহণকরে সুস্থ্য হয়েছেন সামছুন নাহার ঃ

সমৃদ্ধিকর্মসূচির স্যাটেলাইট ক্লিনিক হতে সেবা গ্রহণকরে সুস্থ্য হয়েছেন নুরুজ্জালী বাপের পাড়ার সাইফুর বাপের বাড়ির সামছুন নাহার (২৬) স্বামী সাইফুল ইসলাম (৩০) গত ২ সপ্তাহপূর্বে তিনি হটাৎ করে অসুস্থতা অনুভবকরেন তিনি বলেন তার ঘেটি চিরচিরায় ,গলাজাম থাকত তখন তিনি সমৃদ্ধি কর্মসূচির স্বাস্থ্য পরিদর্শক জোসনা বেগম খানা পরিদর্শণকালীন সময়ে তার পরিবারের কোন সদস্য অসুস্থতার কথা জানতে চান ।তিনি সে অনুযায়ি তাকে এম বি বি এস চিকিৎসক এর মাধ্যমে পরিচালিত স্যাটেলাইট ক্লিনিক আয়োজনের তারিখ জানান সে অনুযায়ি ২৬ নভেম্বর'২০২০ বিকাল ০২.০০ঘটিকায় সংস্থার স্বাস্থ্য সেবা ইউনিট-১ (উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদে সেবাগ্রহণেরজন্য আসেন চিকিৎসক ডা:সায়েমা তাবাসসুম তাকে পরিক্ষা নিরিক্ষার পর চিকিৎসাপত্র প্রদান করেন ।চিকিৎসাপত্র অনুযায়ি ওষধসেবনের ফলে তিনি সুস্থ্য হয়েছেন বর্তমানে তিনি নিজেকে সুস্থ্য ও অনেক ভাল আছেন বলেজানান



সমৃদ্ধি কর্মসূচির স্যাটেলাইট ক্লিনিক হতে চিকিৎসা সেবা নিয়ে সুস্থ্য হয়েছেন নুরুজ্জালিবাপের পাড়ার সামছুন নাহার ছবি-রিফাত

## সমৃদ্ধি কর্মসূচির আয় বর্ধনমুলক খাতের ঋণ পাল্টে দিয়েছে ছকিনা বেগম এর জীবনযাত্রার মান ঃ

কোস্ট ট্রাস্টএর মাধ্যমে উত্তরধূরুং ইউনিয়নের সাদের ঘোনা গ্রামের নারী সদস্যদের মাধ্যমে সংগঠিত ফাল্গুনী সমিতির বর্তমান সভাপতি ছকিনা বেগম (৪৫)স্বামী ফরিদুল আলম (৫০) পেষায় মাছ চাষ করেন প্রায় ৫ বছর ধরে সংস্থার সাথে ক্ষুদ্র ঋণকার্যক্রমের সদস্য গত১৫-০৯-২০১৯ নিজের বাড়ির পুকুরে মাছ চাষের পরিকল্পনা করেন সে অনুযায়ি ৪০ শতকের পুকুরে ৮০,০০০টাকা ঋণ নিয়ে মাছ চাষ শুরুকরেন বর্তমানে পুকুরে পর্যাপ্ত পরিমানে মাছ রয়েছে যেমন সিলবার,পাঙ্গাস,রুই, কাতলা ,গ্লাস কার্প,লাইলনটিকা ,তেলাফিয়া তিনি বলেন প্রতি সপ্তাহে ৮ থেকে ১০ হাজার টাকার মাছ বিক্রি করেন ।সংসার পরিচালনার জন্য তার এক বড় মাধ্যম তিনি বলেন ৩০,০০০ টাকা ঋণ থেকে এখন ৮০,০০০টাকা চালাচ্ছেন ,পরিবারের ৩ ছেলে ২ মেয়ে সবাই লেখাপড়া করছেন অনেক ভাল আছেন আগের চাইতে ।

সমৃদ্ধি কর্মসূচির আই জি এ ঋণ নিয়ে পুকুরে মাছ চাষ করছেন ছকিনা বেগম এর স্বামী ফরিদুল আলম । ছবি- মো:ফরিদ উদ্দিন

## ৭৫ বছর বয়স্ক পুতু বিবির একমাত্র সহায়তা পরিপোষক ভাতা

ঃকুতুবদিয়া উপজেলার উত্তরধূরুং ইউনিয়নের সাদের ঘোনা গ্রামের পুতু বিবি ৭৫ স্বামী মৃত রহিম আজ থেকে ২৯ বছর পুর্বে মারা যান ১৯৯১ সালে এছাড়া

ও এক সময়ে পরিবারের সদস্য সংখ্যা ছিল ৩ মেয়ে ১ ছেলে কিন্তু দুঃভাগ্য১৯৯১ সালের প্রলংকারি ঘূর্নিঝড় তার সকল সন্তানদের ভাসিয়ে নিয়ে যায় কথা গুলো বলতে গিয়ে দুচোখে জল বেয়ে বেয়ে পড়ছে তিনি বলেন এত দিন কেউ আমার অভাব অভিযোগ জানতে চান নি কিন্তু কোস্ট ট্রাস্ট প্রবীণ জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন কর্মসূচির জানতে চেয়েছে তার অভাব অভিযোগ ।তিনি এখন থাকেন দুর সম্পর্কের নাতনি সকিদা বেগম এর কাছে ।সকিদা বেগম এর স্বামী প্রবাসি শাহাবুদ্দিন ডুবাইতে জেলে ভিসায় মাছ ধরেন জেলে তাই খুব টাকা পয়সা পাঠান না কোস্ট ট্রাস্ট পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকে এস এফ)এর সহায়তায় প্রবীণ জনগোষ্ঠোর জীবন মান উন্নয়ন কর্মসূচি হতে প্রতি মাসে ৫০০ টাকা হারে পরিপোষক ভাতা পাচ্ছেন তাদিয়ে তার ওষধ ও রাতের বেলা ঘুমানোর জন্য মশারি নেই তাই কয়েল কিনতে হয় ।তিনি বলেন এখন মোটামুটি ভাল আছি প্রতি মাসে ৫০০ টাকা পাই ।



**সাদের ঘোনা গ্রামের পুতু বিবির ছবি ।ছবিতুলেছেনঃমোঃরশিদ**

**<u>এক নজরে নভেম্বর'২০২০ মাসের অর্জন সমূহ</u>**

| ক্রম নং | কাজের নাম | লক্ষ্যমাত্রা | অর্জন |
|---|---|---|---|
| ১ | খানা পরিদর্শন | ৫৪৫২ | ৪৫০০ |
| ২ | শিক্ষা সহায়তা কেন্দ্রে মা সমাবেশ | ৩৭ | ৩৭ |
| ৩ | স্যাটেলাইট ক্লিনিক | ২ | ২ |
| ৪ | স্যাটেলাইটক্লিনিকেরমাধ্যমেস্বাস্থ্য সেবাগ্রহনকারীর সংখ্যা | ৫০ | ৪৮ |
| ৫ | স্ট্যাটিক ক্লিনিক | ৩২ | ৪১ |
| ৬ | স্ট্যাটিক ক্লিনিকে স্বাস্থ্য সেবাগ্রহনকারীর সংখ্যা | ২৮০ | ২০৩ |
| ৭ | স্বাস্থ্য সচেতনেতা মূলক সভা (উঠান বৈঠক) | ৩৬ | ৩৬ |
| ৮ | স্বাস্থ্য সেবা কার্ড | ২৭২ | ২৫৫ |
| ৯ | ডায়াবেটিক পরিক্ষা | ৫৫ | ৫৩ |
| ১০ | ওয়ার্ড উন্নয়ন সমন্বয় সভা | - | - |
| ১১ | যুব উন্নয়ন সমন্বয় সভা | - | - |
| ১২ | কৃমিনাশক ট্যাবলেট | - | - |
| ১৪ | আয়রণ ও ফলিক এসিড | ১৫০০ | ১৩৭০ |
| ১৫ | ক্যালসিয়াম | - | - |
| ১৬ | মৃতের সৎকার | ৪ জন | ২জন |
| ১৭ | ওয়ার্ডসমন্বয়সভা(প্রবীণজনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি) | - | - |
| ১৮ | ইউনিয়ন সমন্বয় সভা(প্রবীন ) | - | - |
| ১৯ | পুস্টিকনা বিতরণ করা হয়েছে | ৫০০প্যাকেট | ৪২০প্যাকেট |
| ২০ | গভীর নলকূপ স্থাপন | - | - |
| ২১ | আইজিএ প্রশিক্ষণ | - | - |
| ২২ | ইউনিয়ন ভিত্তিক বার্ষিক ক্রিয়া প্রতিযোগিতা | - | - |
| ২৩ | বয়স্ক ভাতা বিতরণ | ৯০ জন | ৯০ জন |
| ২৪ | বিশেষ চক্ষু ক্যাম্প (ছানি অপারেশন) | - | - |
| ২৫ | ইউনিয়ন যুব সমন্বয় সভা | - | - |
| ২৬ | ইউনিয়ন সমন্বয় সভা | - | - |
| ২৭ | আয়বর্ধনমূলকখাতে ঋণ বিতরণ | | ৩১২৫০০০ |
| ২৮ | জীবনযাত্রার মান উন্নয়ন ঋণ বিতরণ | | ৩০০০০ |
| ২৯ | সম্পদসৃস্টি ঋণ বিতরণ | | ৪৫০০০০ |
| ৩০ | সমৃদ্ধিবাড়ী | ৫০ | ৫০ |
| ৩১ | বিশেষ সঞ্চয় | ৫ | ৪ |
| ৩২ | কেচোঁসার উৎপাদন প্লান্ট | ৫০ | ৫০ |
| ৩৩ | উদ্যোমী সদস্য | ৮ | ৮ |

প্রকাশনা তৈরিতে যারা তথ্য দিয়ে সহায়তা করেছেন সমৃদ্ধি কর্মসূচি ও ধুরুং শাখার সকল সহকর্মী গন তথ্য দিয়ে সহযোগিতার জন্য আপনাদের ধন্যবাদ
আরো তথ্যে প্রদানে আপনাদের উৎসাহিত করা হচ্ছে আমাদের সাথে যোগাযোগ করুন সমৃদ্ধি টিমের পক্ষে ।
মো: ফজলুল হক
কর্মসূচি সমন্বয়কারী
মোবাইল- ০১৭১৩-৩৬৭৪৪৪
কর্মসূচি বাস্তবায়ন কার্যালয়- ১নং উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ ,৩য় তলা , কুতুবদিয়া , কক্সবাজার।
fazlu@coastbd.net, web- www.coastbd.net
**COAST Has Special Consultative Status With UN ECOSOC**